**প্রযুক্তির নাম: গুটি ইউরিয়া প্রয়োগের মাধ্যমে বারি পানি কচু-১ এর উৎপাদন বৃদ্ধি।**

**প্রযুক্তির ছবি :**









**বিস্তারিতবিবরণ:** গুটি ইউরিয়া ব্যবহারের মাধ্যমে নাইট্রোজেনের যথাযথ ব্যবহার করে কম খরচে বেশী ফলন পেতে পারি।দানাদার ইউরিয়ার চেয়ে গুটি ইউরিয়া ২০% কম লাগে এবং শুধূ মাত্র একবারই ব্যবহার করা হয় ।বারি পানি কচু- ১ এর উৎপাদনে কৃষক প্রচুর পরিমানে দানাদার ইউরিয়া সার ব্যবহার করে এতে প্রচুর নাইট্রোজেন এর অপচয় হয় এবং পরিবেশের বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়। গুটি ইউরিয়া ব্যবহারে নাইট্রোজেনের অপচয় কম হয়। এবং তুলনামুলক ফলন বৃদ্ধি পায়। এজন্য প্রযুক্তিটি পরিবেশ বান্ধব ও লাভজনক।

**বৈশিষ্ট্যসমূহ:** দানাদার ইউরিয়ার চেয়ে গুটি ইউরিয়া ব্যবহার লাভজনক এতে নাইট্রোজেনের অপচয় রোধ হয় গাছ যথাযথ ভাবে ব্যবহার করতে পারে। এতে ফলন বেশী হয় খরচ কম হয় নাইট্রোজেনের অপচয় রোধ হয় বলে এটি পরিবেশের উপর ক্ষতি কর প্রভাব ফেলে না।সারা বাংলাদেশেই এ প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে ।